



দাগনভূঞা শিল্পকলা একাডেমি
দাগনভূঞা, ফেনী।

স্মারক নং- ০৫.২০.৩০২৫.০০০.১৮.০২০.২০- ২২৬২


তারিখ : ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাগনভূঞা উপজেলা শিল্পকলা একাডেমির কার্যনির্বাহী কমিটি নির্বাচন-২০২৪ উপলক্ষ্যে ভোটার তালিকা হালনাগাদকরণের লক্ষ্যে সংস্কৃতিতে অবদান রয়েছে এমন 'সংস্কৃতিমান' ব্যক্তির নিকট হতে সদস্য অন্তর্ভুক্তির আবেদন আহবান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তিগণকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী :

১. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে;
২. 'সংস্কৃতিমান' বলতে সংস্কৃতির বিভিন্ন ক্ষেত্র যেমন : সঙ্গীত, নৃত্য, নাটক, চারুকলা, আবৃত্তি, যন্ত্রসঙ্গীত, যাত্রাশিল্প, চলচ্চিত্র, সাহিত্য ও শিল্পসমালোচনার ক্ষেত্রে অবদান রয়েছে এমন ব্যক্তিগণ আবেদন করতে পারবেন;
৩. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দাগনভূঞা, ফেনী হতে আগামী ১৬ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখের মধ্যে ১০০/- টাকা মূল্যে নির্ধারিত আবেদন ফরম গ্রহণ ও জমা প্রদান করতে হবে;
৪. আবেদনপত্রের সাথে প্রার্থীকে সদ্য তোলা ২কপি পাসপোর্ট আকারের ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, শিক্ষাগত যোগ্যতা সনদ ও সংস্কৃতির যে ক্ষেত্রে অবদান রয়েছে তার সপক্ষে উপযুক্ত প্রমাণাদি সংযুক্ত করতে হবে;
৫. আবেদনপত্রে অবশ্যই বর্তমান কার্যনির্বাহী কমিটির ০২জন সদস্যদের সুপারিশ থাকতে হবে;
৬. সদস্যভুক্তির সময় প্রার্থীকে ৩০০/- (তিনশত) টাকা সদস্যভুক্তির ফি জমা প্রদান করতে হবে;
৭. সদস্যভুক্তির পর প্রত্যেক সদস্যকে মাসিক ২০০/- (দুইশত) টাকা হারে চাঁদা প্রদান করতে হবে;
৮. কোন সংস্কৃতিমান ব্যক্তি এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা চাঁদা প্রদানের মাধ্যমে আজীবন সদস্যপদ লাভ ও নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন;
৯. প্রত্যেক অর্থবছরের চাঁদা অবশ্যই ৩০ জুনের মধ্যে পরিশোধ করতে হবে;


(নিবেদিতা চাকমা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি


উপজেলা শিল্পকলা একাডেমি
দাগনভূঞা, ফেনী

তারিখ : ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নং- ০৫.২০.৩০২৫.০০০.১৮.০২০.২০- ২২৬২

অনুলিপি : সদয় অবগতির নিমিত্ত

০১. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা;
০২. জেলা প্রশাসক, ফেনী।


২/১১/২৩
উপজেলা নির্বাহী অফিসার
দাগনভূঞা, ফেনী